



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

“পরিশুদ্ধ বাণিজ্য ব্যাংকিং করুন”
ফোন : ৯৫৬৮১১৭
E-mail: dgmaudit2@krishibank.org.bd
Better Me Better BKR

প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২

প্রকা/প্রশিবি-২/নিরীক্ষা-৩৩(আইসিসি)/২০১৫-২০১৬/৬৫৭

তারিখ : ০৯.১১.২০১৫ খ্রিঃ

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (বিনিময় মধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর
৩০.০৯.২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা হতে জারীকৃত পত্র নং-২২২(৯৪) তারিখ ১৫.১০.২০১৫ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২. অত্র ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক শাখা নিরীক্ষাকালে অনেক গুরুত্বপূর্ণ বিষয় যেমন - লাভ-ক্ষতির হিসাব, সিএল বিবরণী পুনঃ তফশিলি কার্যক্রম, বিকেবি, সাধারণ হিসাবের লেনদেনের নির্ভুলতা, আমানত ও ঋণ হিসাবের স্থিতিকরণ, হিসাব বইয়ের সমতাকরণ ইত্যাদি যথাযথ গুরুত্ব দিয়ে নিরীক্ষা করা হয় না যা ব্যাংকের ভাবমূর্তির জন্য ক্ষতিকর উল্লেখিত বিষয়গুলোর গুরুত্ব অনুধাবন পূর্বক নিরীক্ষা পরিচালনাকালে ব্যাংকের স্বার্থে এ বিষয়গুলো পূঙ্খানুপূঙ্খভাবে নিরীক্ষা করতে; প্রাপ্ত অনিয়ম সমূহ নিরীক্ষা প্রতিবেদনে সন্নিবেশ করাটা জরুরী। সে প্রেক্ষিতে আঞ্চলিক নিরীক্ষা দল কর্তৃক শাখা নিরীক্ষাকালে এখন হতে উল্লেখিত বিষয়গুলো বিশেষ গুরুত্ব সহকারে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে তা অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করা হলো। উল্লেখ্য অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে ৪০টি অনুচ্ছেদের আওতায় সমস্ত বিষয় সন্নিবেশ করা সম্ভব না হলে ৪০ নং অনুচ্ছেদের বিবিধ অংশে সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক তা অন্তর্ভুক্ত করে প্রতিবেদন প্রস্তুত করতে হবে। বিষয়টি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর ৩০.০৯.২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণীর ৩(ঙ) নং সিদ্ধান্ত বাস্তবায়নার্থে এরূপ অন্তর্ভুক্তি কার্যকর করতে হবে।

০৩. তাছাড়া অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন বিষয়ে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ হতে জারীকৃত পরিপত্র নং-ডিএমডি-১ পরিপত্র (নিরীক্ষা-২) নং-০৪/২০০৪ তারিখ ১৮.০৫.২০০৪ এর পরিশিষ্ট-ক' এ নিরীক্ষা সংক্রান্ত প্রচলিত অনুচ্ছেদ সমূহকে পূর্ণবিন্যাস পূর্বক ৪০টি অনুচ্ছেদ করা হয়েছে। উক্ত অনুচ্ছেদ সমূহের ২৫ নং অনুচ্ছেদে বাংলাদেশ ব্যাংকের চাহিদা অনুযায়ী এস.এম.ই ঋতকে পৃথকভাবে সংযোজন পূর্বক একই অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা হলো। বিষয়টি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর ৩১.০৮.২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী ৩(ঘ) নং সিদ্ধান্ত বাস্তবায়নার্থে তা কার্যকর করতে হবে। সুতরাং এখন হতে ২৫ নং অনুচ্ছেদটি নিরীক্ষা প্রতিবেদনের সংশ্লিষ্ট স্থানে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

অনুচ্ছেদ নং-২৫(ক) প্রকল্প ঋণ, চলতি মূলধন ঋণসহ সকল প্রকার মেয়াদী ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম।
২৫(খ) এস এম ই ঋণ (প্রকল্প/চলতি মূলধন) ঋতে ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম।

০৪. অত্র ব্যাংকের শাখা নিরীক্ষার সময় উপরোক্ত নির্দেশনা সমূহ সকল আঞ্চলিক নিরীক্ষা দলকে পরিপালন করার জন্য বলা হলো। সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাকে আঞ্চলিক নিরীক্ষা দলের কাজকর্মের তদারকী জোরদারকরণসহ উল্লেখিত বিষয় সমূহ পরিপালন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৫. বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বাস
(মোঃ কিরোজ হান্নান)
মহাব্যবস্থাপক

প্রকা/প্রশিবি-২/নিরীক্ষা-৩৩(আইসিসি)/২০১৫-২০১৬/৬৫৭(১৪৫)

তারিখ : ০৯.১১.২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
০৫. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল মুখা আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখা আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. নথি/মহানথি।

(গোবিন্দ চন্দ্র)
২১/১১/২০১৫
(গোবিন্দ আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক